



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৮ নভেম্বর ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

খাগড়াছড়িতে নব্য মুখোশ বাহিনী কর্তৃক ইউপিডিএফ'র তিন কর্মী-সমর্থককে অপহরণের নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) খাগড়াছড়ি ইউনিটের সংগঠক মাইকেল চাকমা আজ ১৮ নভেম্বর ২০১৭ শনিবার এক বিবৃতিতে সন্ত্রাসী নব্য মুখোশ বাহিনী কর্তৃক খাগড়াছড়ি সদর উপজেলার কমলছড়িতে দুই ইউপিডিএফ সদস্যকে মারধরের পর গুরুতর জখম অবস্থায় অপহরণ ও হরিণাথ পাড়া থেকে ইউপিডিএফ'র অপর এক সমর্থককে অপহরণের ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

ঘটনার বর্ণনা দিয়ে তিনি বলেন, 'আজ সকালে ইউপিডিএফ সদস্য উপ ত্রিপুরা ও গরিক চাকমা পানছড়ি থেকে একটি মোটর সাইকেল যোগে রাঙামাটির নান্যাচরে যাচ্ছিলেন। তারা খাগড়াছড়ি শহরের দক্ষিণে কমলছড়িতে পৌঁছলে নব্য মুখোশ বাহিনীর সন্ত্রাসীরা তাদের আটকায় এবং লাঠিসোটা দিয়ে সাংঘাতিকভাবে মারধর করে। হামলাকারীরা পরে তাদেরকে অপহরণ করে অজ্ঞাত স্থানে নিয়ে যায়।'

অপরদিকে সকালে হরিণাথ পাড়া থেকে সন্ত্রাসীরা জ্ঞানেন্দ চাকমা নামে ইউপিডিএফ'র এক সমর্থককে অপহরণ করে নিয়ে গেছে বলে তিনি জানান।

উপ ত্রিপুরার (পীং হিরদা ত্রিপুরা) বাড়ি পানছড়ির ১ নং লোগাং ইউনিয়নের নীলধন পাড়া এবং গরিক চাকমার (পীং বিবুরাম চাকমা) বাড়ি পানছড়ি সদর ইউনিয়নের অক্ষয় পাড়া বলে তিনি জানিয়েছেন।

মাইকেল চাকমা অবিলম্বে অপহৃতদের উদ্ধার ও হামলাকারী সন্ত্রাসীদের গ্রেফতার ও শাস্তির দাবি জানিয়েছেন।

বার্তা শ্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।